# বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

## সেবার নামঃ বিআইএ LMS

## (Learning Management System)

১। **উদ্ভাবনী ধারণার শিরোনাম :** বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির LMS

২। **পরিচিতি:** ইন্টারনেট ভিত্তিক ওয়েব অ্যাপ্লিকেশন এর উপর ভিত্তি করে অনলাইন রেজিস্ট্রেশন এর মাধ্যমে একাডেমীর শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমকে সেবা ভোগকারীদের দোরগোড়ায় পৌঁছে দেয়া, দ্রুততম সময়ে সেবা প্রদান করা এবং শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে বিভিন্ন শিক্ষা/পরীক্ষার ফি গ্রহণসহ সংশ্লিষ্ট সব ধরণের সেবা কার্যক্রম পুরোপুরি ডিজিটালাইজড করা।

৩। **উদ্দেশ্য:** মোবাইলে নোটিফিকেশন/এসএমএস এবং ইন্টারনেট ভিত্তিক ওয়েব অ্যাপ্লিকেশন এর মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির শিক্ষা ও প্রশিক্ষণ কোর্সসমূহ ও বিভিন্ন শিক্ষা/ পরীক্ষার তথ্য অংশীজনসহ (Stakeholder) অন্যান্য আবেদনকারীদের নিকট প্রেরণ, প্রশিক্ষণ ফি আদায় এবং দ্রুততার সাথে অনলাইনের মাধ্যমে রেজিষ্ট্রেশন, এডমিট কার্ডসহ বিভিন্ন তথ্যাদি বিতরণ ও অন্যান্য কার্যাদি সম্পাদন করা এবং অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীকে শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে অন্তভূর্ক্ত করে ডিপ্লোমা পরীক্ষা আধুনিকীকরণ ও টেকসই করাই এর মূখ্য উদ্দেশ্য।

৪। **কর্ম পদ্ধতি:** ইন্টারনেট ভিত্তিক ওয়েব অ্যাপ্লিকেশন এর মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ ও শিক্ষা/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি দ্রুততর সময়ের মধ্যে অংশীজনসহ (Stakeholder) সকল আবেদনকারীদের নিকট প্রেরণ, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড অথবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সরাসরি সেবা প্রদান; উপস্থিত না থেকেই প্রশিক্ষণ ফি প্রদান এবং দ্রুততার সাথে রেজিষ্ট্রেশন কার্যাদি সম্পাদন করা।

- একাডেমি কর্তৃক প্রশিক্ষণ কোর্স ও শিক্ষা/পরীক্ষার তথ্য ওয়েব অ্যাপ্লিকেশন এর কেন্দ্রীয় ডেটাবেজ-এ আপ-লোড করা এবং এসএমএস, ই-মেইল এবং পুশ নোটিফিকেশনের মাধ্যমে সংশ্লিষ্ট সেবা গ্রহীতার কাছে নতুন প্রশিক্ষণ ও পরীক্ষার তথ্য প্রেরণ করা; যাতে সেবা গ্রহীতাগণ নতুন সেবার বিষয়ে জানতে পারেন। একাডেমীর ওয়েবসাইটেও এই বিষয়ে বিজ্ঞাপনসহ বিস্তারিত উল্লেখ থাকবে।

- শিক্ষার্থী ও পরীক্ষার্থীগণ Terms and Conditions মেনে নিজেদের পছন্দের পরীক্ষা অথবা প্রশিক্ষণের জন্যে রেজিষ্ট্রেশন ফরম পূরণ করে সাবমিট (submit) করবেন। এক্ষেত্রে উল্লেখ্য যে, আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্রসহ শিক্ষাগত সনদের স্ক্যানড/সফট কপি রেজিষ্ট্রেশন ফরম পূরণ করার সময়ই অনলাইনের মাধ্যমে আপলোড করবেন। এর পর আবেদনকারী তাঁর জমাকৃত আবেদনটি অনুমোদনের জন্যে অপেক্ষা করবেন। অনুমোদন কিংবা বাতিলের সিদ্ধান্ত এসএমএস/ইমেইল/পুশ সিস্টেমের মাধ্যমেই তাঁকে জানিয়ে দেয়া হবে।

- সাবমিটকৃত এপ্লিকেশন একাডেমী কর্তৃক ভেরিফিকেশনের জন্যে অপেক্ষমাণ থাকব। একাডেমির সংশ্লিষ্ট শাখা/ কর্মকর্তা সাবমিটকৃত এপ্লিকেশনের নোটিফিকেশন পাবেন, এবং দ্রুততার সাথে জমাকৃত কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই বাচাই করে প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদন অথবা বাতিল করবেন। সেবা গ্রহণকারির কাছে তাঁর আবেদনের অনুমোদন অথবা বাতিলের তথ্যের নোটিফিকেশন সিস্টেমের মাধ্যমে সরাসরি পৌছে যাবে।

- প্রশিক্ষণার্থী সংশ্লিষ্ট পরীক্ষা/প্রশিক্ষণের ফি বাংলাদেশের যে কোনো ডেবিট/ ক্রেডিট/ মোবাইল/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে পারবেন । এ সিস্টেমের মাধ্যমেই আবেদনকারীকে প্রাপ্যতা নিশ্চিত করা হবে।

- আবেদনকারী কোন পরীক্ষায় অংশগ্রহণের আবেদন করে থাকলে, পরীক্ষা সূচির নির্দিষ্ট সময়ের আগে পরীক্ষায় অংশগ্রহণের জন্যে এডমিট কার্ড সংগ্রহ করতে পারবেন। এবং পরবর্তীতে সিস্টেমের মাধ্যমেই ফলাফল জানতে পারবেন। ফলাফল এসএমএস/ ইমেইল এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে।

- আবেদনকারী কোন প্রশিক্ষণার্থী হয়ে থাকলে, সিস্টেম থেকে প্রশিক্ষণের যাবতীয় তথ্য জেনে নিতে পারবেন। তাছাড়া, প্রশিক্ষণ ম্যাটেরিয়াল সংশ্লিষ্ট প্রশিক্ষণ লিঙ্ক থেকে ডাউনলোড করে নিতে পারবেন। এখানে উল্ল্যেখ্য যে, সংশ্লিষ্ট প্রশিক্ষণের ইন্সট্রাক্টর প্রয়োজনীয় ম্যাটেরিয়াল ইন্সট্রাক্টর প্যানেল থেকে আপলোডও করতে পারবেন।


- প্রশিক্ষণার্থীরা তাঁদের কোর্স সংশ্লিষ্ট এসাইনমেন্ট ও হোমওয়ার্ক সিস্টেমের মাধ্যমে অনলাইনে জমা দিতে পারবেন এবং সংশ্লিষ্ট প্রশিক্ষক/ ইন্সট্রাক্টর সিস্টেমের মাধ্যমেই উক্ত এসাইনমেন্ট ও হোমওয়ার্ক এর গ্রেডিং সম্পন্ন করতে পারবেন।

- প্রশিক্ষণার্থীরা তাঁদের কোর্স সংশ্লিষ্ট সকল পরীক্ষার ফলাফল সিস্টেমের মাধ্যমে জানতে পারবেন। ফলাফলের টেবুলেশনশিট এর অনলাইন ভার্সন সিস্টেমের মাধ্যমে ডাউনলোড করে নিতে পারবেন।

- ওয়েব এপ্লিকেশনে প্রশিক্ষণার্থীরা তাঁদের কোর্স সংশ্লিষ্ট বিষয়ে নিজেদের মধ্যে মুক্ত আলোচনার জন্যে একটি ফোরাম থাকবে। নতুন প্রশ্ন করা, প্রশিক্ষনার্থীসহ প্রশিক্ষকদের প্রশ্নের উত্তর দেয়ার সুযোগ থাকবে এই পরামর্শ ফোরামে।

- এছাড়াও শিক্ষা/ডিপ্লোমা পরীক্ষার্থীদের ছবি সম্বলিত তালিকাসহ সকল অনলাইন ও ব্যাক অফিস কার্যক্রম পরিচালনা ও রিপোর্টিং এর জন্য প্রয়োজনীয় অপশন থাকবে।

এ Workflow নিম্নরূপ:



# System Functional Architecture

**BIA**
**Management Portal**

- Courses and Learning Content Management
- Learner and Instructor Management
- Management Charges
- Course Management
- Tangible Resource Management
- Learning Record and Certification Management
- Offline Exam Management
- Customization
- Comprehensive Score Download
- Complete subject List

# System Functional Architecture

## Instructor-Learner Portal

| | | | |
|---|---|---|---|
| Instructor Homepage | Course Attendance | Add Co-Instructors | Update Stream |
| CMS | Grade Allocation | Monitor Learners’ Progress | View Upcoming Deadlines |
| Offline Transcript | Learner Homepage | View Stream | List of Course |
| View Upcoming Deadlines | CMS | Fee Payment | View Grades |
| Instructor Evaluation | Complete Subject List | All Specialization Tracks and Learning Paths | |

## ৫। উপকার/সুফল :

- প্রশিক্ষণ ও পরীক্ষা সংক্রান্ত পত্র প্রেরণ এবং বিজ্ঞাপণ প্রচারের ব্যয় অনেকাংশে হ্রাস পাবে।
- অধিক সংখ্যক প্রশিক্ষণার্থী ও শিক্ষার্থী এ কার্যক্রমে খুব সহজেই অংশগ্রহণ করতে পারবেন।
- সেবা ও তথ্য অংশীজনসহ (Stakeholder) অন্যান্যদের নিকট দ্রুত সময়ে প্রেরণ করা সম্ভব হবে।
- রেজিষ্ট্রেশন এবং পরীক্ষার ফি আদায় অনলাইনে দ্রুততার সাথে করা সম্ভব হবে।
- পেমেন্ট অটোমেশন হবে।
- সময় ও খরচ অনেকাংশে হ্রাস পাবে।
- সেবার মান বৃদ্ধি পাবে, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করা সম্ভব হবে।
- সরকারের উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নসহ ডিজিটাল করণের কর্মসূচি সফল করা সম্ভব হবে।

## ৬। টিসিভি

| প্রতিষ্ঠানের নাম | সেবা সহজীকরণের নাম | বাস্তবায়ন পর্যায় | বাস্তবায়নের পূর্বের অবস্থা | বাস্তবায়নের পরে অবস্থা/সুবিধা |
|---|---|---|---|---|
| বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি | ১. LMS | বাস্তবায়িত হয়েছে | * ম্যানুয়াল ভাবে নিবন্ধন পর্বে শিক্ষার্থীদের গড়ে ৪৫ দিন সময় লাগে।<br>* খরচ পড়ে ৫ হাজার টাকা<br>* যাতায়াত ৩/৪বার | * নিবন্ধন পর্বে শিক্ষার্থীদের গড়ে বর্তমানে ৩/৪ দিন সময় লাগে।<br>* খরচ পড়ে গড়ে ১০০ টাকা<br>* যাতায়াত নাই। |
| | অনলাইন ক্লাশ | বাস্তবায়িত হয়েছে | * অনলাইন ক্লাশ চালুর পূর্বে কাউন্সিলিং ক্লাশ পর্বের সময় লাগত ৩০/৩৫ দিন<br>* প্রশিক্ষণার্থীদের খরচ হতো গড়ে<br>৩ হাজার থেকে ৪ হাজার টাকা।<br>* প্রশিক্ষণার্থীদের ঢাকায় অবস্থান করতে হতো। | * অনলাইন ক্লাশ চালু করার ফলে কাউন্সিলিং ক্লাশ পর্বের সময় লাগে ২০/২২ দিন<br>* প্রশিক্ষণার্থীদের বর্তমানে খরচ হয় ২০০/৩০০ টাকা।<br>* প্রশিক্ষণার্থীদের ঢাকায় আসতে হয় না। |


thank
you